# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

আবু তালিবের নিকটে কুরায়েশ নেতাদের আগমন (وفود قريش إلى أبي طالب) – প্রথমবার আগমন (المرة الأولى ৬ষ্ঠ নববী বর্ষের মাঝামাঝি)

ইসলামের দাওয়াত বন্ধ করার জন্য নিবর্তনমূলক সবরকম চেষ্টা ব্যর্থ হওয়ায় অবশেষে কুরায়েশদের ১০জন নেতা একত্রে আবু তালিবের কাছে এলেন। এই দলে ছিলেন ওৎবা ও শায়বাহ বিন রাবী‘আহ, আবু সুফিয়ান ছাখর ইবনু হারব, আবুল বাখতারী ‘আছ বিন হিশাম, আসওয়াদ বিন মুত্ত্বালিব, আবু জাহল আমর ইবনু হেশাম (যিনি ‘আবুল হাকাম’ উপনামে পরিচিত ছিলেন), অলীদ বিন মুগীরাহ, নুবাইহ ও মুনাবিবহ বিন হাজ্জাজ ও ‘আছ বিন ওয়ায়েল এবং আরও কয়েকজন যারা তাদের সঙ্গে ছিলেন। তারা এসে বললেন, يَا أَبَا طَالِبِ! إِنَّ ابْنَ أَخِيكَ قَدْ سَبَّ آلِهَتَنَا، وَعَابَ دِينَنَا، وَسَفَّهُ أَحْلاَمَنَا، وَضَلَّلَ آبَاءَنَا ‘হে আবু তালেব! আপনার ভাতিজা আমাদের উপাস্যদের গালি দিয়েছে, আমাদের দ্বীনকে দোষারোপ করেছে, আমাদের জ্ঞানীদের বোকা ঠাউরেছে এবং আমাদের বাপ-দাদাদের পথভ্রষ্ট মনে করেছে’। এক্ষণে হয় আপনি তাকে বিরত রাখুন। নতুবা আমাদের ও তার মাঝ থেকে আপনি সরে দাঁড়ান। কেননা আপনিও আমাদের ন্যায় তার আদর্শের বিরোধী। সেকারণ আমরা আপনাকে তার ব্যাপারে যথেষ্ট মনে করি’। ধৈর্যের সঙ্গে তাদের কথা শুনে আবু তালেব তাদেরকে নম্র ভাষায় বুঝিয়ে বিদায় করলেন (ইবনু হিশাম ১/২৬৪-৬৫)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5265

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন